

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৩]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৯০ : বেগানা নারী এবং কোনো সুদর্শন বালকের দিকে শরয়ী প্রয়োজন ছাড়া তাকানো হারাম

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الخُدرِيِّ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم، قَالَ: «إِيَّاكُمْ وَالجُلُوسَ فِي الطُّرُقَاتِ!» قَالُوا: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، مَا لَنَا مِنْ مَجَالِسِنَا بُدُّ، نَتَحَدَّثُ فِيهَا. فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ المَجْلِسَ، فَأَعْطُوا الطَّرِيقَ حَقَّهُ» قَالُوا: وَمَا حَقُّ الطَّريقِ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم؟ قَالَ: «غَضُّ البَصَرِ، وَكَفُّ الأَذَى، وَرَدُّ السَّلاَمِ، وَالأَمرُ بِالمَعْرُوف، وَالنَّهِيُ عَنِ المُنْكَرِ». متفق عَلَيْهِ

বাংলা

২/১৬৩১। আবৃ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা রাস্তায় বসা থেকে বিরত থাক।" লোকেরা বলল, 'হে আল্লাহর রাসূল! ওখানে আমাদের বসা ছাড়া অন্য কোন উপায় নেই। আমরা [ওখানে] বসে বাক্যালাপ করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "যদি তোমরা রাস্তায় বসা ছাড়া থাকতে না পার, তাহলে রাস্তার হক আদায় কর।" তারা নিবেদন করল, 'হে আল্লাহর রাসূল! রাস্তার হক কি?' তিনি বললেন, "দৃষ্টি অবনত রাখা, [অপরকে] কষ্ট দেওয়া থেকে বিরত থাকা, সালামের জবাব দেওয়া এবং ভাল কাজের আদেশ দেওয়া ও মন্দ কাজে বাধা প্রদান করা।" (বুখারী-মুসলিম) [1]

['কষ্ট দেওয়া থেকে বিরত থাকা' যেমন, পরচর্চা-পরনিন্দা করা, কুমন্তব্য করা, কু-ধারণা করা, তুচ্ছ-তাচ্ছিল্য করা এবং রাস্তা আগলে সংকীর্ণ করার মাধ্যমে পথচারীকে কষ্ট দেওয়া থেকে বিরত থাকা।

English

(290) Chapter: Prohibition of gazing at women and Beardless Handsome Boys except in Exigency



Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) said:

The Prophet (ﷺ) said, "Avoid sitting on roadsides." His Companions said: "O Messenger of Allah (ﷺ), there is no other alternative but to sit there to talk." Thereupon the Messenger of Allah (ﷺ) said, "If you have to sit at all, then fulfill the rights of the road." They asked: "What are their rights?" Thereupon he said, "Lowering the gaze (so that you may not stare at unlawful things); refraining from doing some harm to others, responding to greeting (i.e., saying 'Wa'alaikumus- salam' to one another) and commanding the good and forbidding the evil."

[Al-Bukhari and Muslim].

Commentary: Since roads, streets, lanes and all thoroughfares are the common property of public, it is unfair to use them for private meetings and gatherings because such assemblies create inconvenience for people, especially women, who hesitate appearing before men. But if for some unavoidable reasons, one has to sit on them, then he should do such things there which should on the one side, save one from committing sins (like glazing at women who pass from there), and on the other, one should take care of the public welfare and make use of his presence for preaching religion.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৪৬৫, ৬২২৯, মুসলিম ১২১১, ২১১৬, আবূ দাউদ ৪৮১৫, আহমাদ ১০৯১৬, ১১০৪৪, ১১১৯২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন